দৈনিক ইনকিলাব

JUN 09 2002

৮ ৬

# বাজেটে শিক্ষাখাতে সর্বোচ্চ বরাদ্দ দেয়ায় প্রধানমন্ত্রীকে ঢাবি ছাত্রদলের অভিনন্দন

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে ঘোষিত বাজেটে শিক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দেয়ায় প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়াকে অভিনন্দন, জানিয়ে এক বিশাল আনন্দ মিছিল মধুর ক্যান্টিন থেকে শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের, ঐতিহাসিক বটতলায় সমাবেশ অনুষ্ঠিত হয়। সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন মোস্তাফিজুল ইসলাম মামুন, হায়দার আলী লেনিন, আসাদুজ্জামান আসাদ, নূরুল ইসলাম নয়ন, ওমর ফারুক সাফিন, কামরুল হাসান প্রমুখ।

৪-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

যেতে পারে।

## ঢাবি ছাত্রদল

৮-এর পৃষ্ঠার পর

মনির হোসেন বলেন, আওয়ামী লীগের লুটপাট করা ক্ষয়িষ্ণু ধ্বংসস্তূপের ওপর দাঁড়িয়ে এবং রপ্তানী বাণিজ্যের সকরুণ অবস্থার প্রেক্ষাপটে অর্থমন্ত্রী যে সুষম বাজেট প্রণয়ন করার আন্তরিক প্রচেষ্টা চালিয়েছেন সেজন্য আমরা অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। শিক্ষাখাতে সর্বোচ্চ গুরুত্ব এবং বরাদ্দ দেয়ায় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাচ্ছি।